

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২

পরিচ্ছেদঃ মিসওয়াক করা।

باب ما جاء في السِّواكِ

আরবী

حَدَّتَنَا أَبُو كُرَيْب، حَدَّتَنَا عَبْدُةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَوْلاً أَنْ أَشُقَّ عَلَى أُمَّتِي لأَمَرْتُهُمْ بِالسِّواكِ عِنْدَ كُلِّ صَلَاةٍ ". قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرةً وَزَيْدِ بْنِ خَالِدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم كِلاَهُمَا وَحَدِيثُ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرةً وَزَيْدِ بْنِ خَالِدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم كِلاَهُمَا عِنْدَي صَحِيحٌ لأَنَّهُ قَدْ رُويِ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَبِي هُرَيْرةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم هَذَا الْحَدِيثُ أَبِي هُريْرةَ إِنَّمَا صَحَّ لأَنَّهُ قَدْ رُويِ مِنْ غَيْرِ وَجْهٍ . وَأَمَّا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ فَزَعَمَ أَنَّ حَدِيثُ أَبِي سَلَمَةَ عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ أَصَحَّ . قَالَ أَبُو عِيسَى وَفِي إِسْمَاعِيلَ فَزَعَمَ أَنَّ حَدِيثَ أَبِي سَلَمَةَ وَعَائِشَةَ وَابْنِ عَبْسٍ وَحُدَيْفَةَ وَزَيْدِ بْنِ خَالِدٍ أَصَحَ عُنَاسٍ وَحُدَيْفَة وَزَيْد بْنِ خَالِدٍ وَأَسِ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍ وَ وَابْنِ عُمَر وَأُمِّ حَبِيبَةَ وَأَبِي أَمَامَة وَأَبِي أَيُوبَ وَتَمَّامِ بْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍ وَ وَابْنِ عُمَر وَأَتْمَ وَالْنِي مُوسَى .

বাংলা

২২. আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আমার উম্মতের জন্য কষ্টকর হবে এই অশংকা যদি না হত তা হলে আমি প্রত্যেক সালাতের সময় মিসওয়াক করতে তাদের নির্দেশ দিতাম। - ইবনু মাজাহ ২৮৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) আবূ সালমার সূত্রে যায়দ ইবনু খালিদ থেকে এই হাদীছটি বর্ণিত হয়েছ। আবূ সালামার সূত্রে আবূ হুরায়রা ও যায়দ ইবনু খালিদ রাদিয়াল্লাহু আনহু থেকে



বর্ণিত উভয় হাদীছই আমার জানা মতে সহীহ। কেননা, আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হাদীছটি আরো বহু সূত্রে বর্ণিত রয়েছে। তবে মুহাম্মাদ (রহঃ) আবৃ সালামার সূত্রে যায়দ ইবনু খালিদ বর্ণিত হাদীছটি অধিকতর সহীহ বলে ধারণা পোষণ করেন। এই বিষয়ে আবৃ বকর সিদ্দীক, আলী, আয়িশা, ইবনু আব্বাস, হুযায়ফা, যায়দ ইবনু খালিদ, আনাস, আবদুল্লাহ ইবনু আমর, ইবনু উমর, উম্মু হবীবা, আবৃ উমামা, আবৃ আইয়ুব, তাম্মাম ইবনু আব্বাস, আবদুল্লাহ ইবনু হানযালা, উম্মু সালমা, ওয়াছিলা ইবনুল আসকা এবং আবৃ মূসা রাদিয়াল্লাহু আনহুম থেকে ও হাদীছ বর্ণিত আছে।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger said: "If it were not that it would be difficult on my nation, then I would have ordered them to use the Siwak for each prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন